



কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.১৫৬

তারিখঃ ০৩/১২/২০২০ খ্রি.

ভর্তি সময় বৃদ্ধি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২০-২১ শিক্ষাবর্ষে সকল বেসরকারি ডিপ্লোমা শিক্ষাক্রম ও এইচএসসি (বিএম/ভোক:) ভর্তি সময় বৃদ্ধি ও ভর্তি সংক্রান্ত জটিলতা সমাধানের জরুরী বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০২/১২/২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত ভর্তি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২১ শিক্ষাবর্ষে সকল বেসরকারি ডিপ্লোমা শিক্ষাক্রম ও এইচএসসি (বিএম/ভোক:) ভর্তি কার্যক্রম আগামী ১০/১২/২০২০খ্রি. তারিখ হতে ২৪/১২/২০২০খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হলো। ভর্তি কার্যক্রম চলাকালিন সময়ে সকল প্রতিষ্ঠান নিম্ন লিখিত কার্যাবলি সম্পন্ন করবেন।

১। অন লাইন ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট www.btebadmission.gov.bd এ কলেজ লগইন করে সংশ্লিষ্ট আপনার প্রতিষ্ঠানের Approve লিষ্টের সফটকপি ও হার্ডকপি সংরক্ষণ করবেন। কোন শিক্ষার্থীর নাম Approve লিষ্টে না থাকলে তার ভর্তি সম্পন্ন হয়নি বলে বিবেচিত হবে।

২। ডুপ্লিকেট ভর্তি/ একাধিক প্রতিষ্ঠানে ভর্তি/ একাধিক শিক্ষাক্রমে ভর্তি/ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে একাধিক শিক্ষাবর্ষে ভর্তি/ অন লাইন ভর্তি সংক্রান্ত জটিলতা ইত্যাদি সমস্যা সমাধানের জন্য কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২ নং কক্ষে প্রতিষ্ঠান কর্তৃক পরিচালক (কারিকুলাম) বরাবর আবেদন, শিক্ষার্থীর মূল নম্বরপত্র প্রদর্শন সাপেক্ষে ভর্তি চলাকালিন ২৪/১২/২০২০খ্রি. তারিখের মধ্যে সেবা প্রদান করা হবে।

৩। প্রতিষ্ঠানসমূহ www.btebadmission.gov.bd ওয়েব সাইটে কলেজ লগ-ইন করে স্ব স্ব প্রতিষ্ঠানের Blank Form এ এন্ট্রিকৃত শিক্ষার্থীদের তালিকা দেখতে পারবেন। যে প্রতিষ্ঠান Blank Form এ এন্ট্রি করে ভর্তি করেছেন, সেসব শিক্ষার্থীর মূলনম্বরপত্র কারিগরি বোর্ডে প্রদর্শন করতে হবে।

৪। ২০২০-২১ শিক্ষাবর্ষে সকল বেসরকারি ডিপ্লোমা ও এইচএসসি (বিএম/ভোক:) শিক্ষাক্রমে Blank Form এ এন্ট্রিকৃত শিক্ষার্থীর মূলনম্বরপত্র কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২ নং কক্ষে আগামী ২৪/১২/২০২০খ্রি. পর্যন্ত যাচাই-বাছাই করা হবে। মূলনম্বরপত্র যাচাই বাছাই করার জন্য প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠানের প্যাডে পরিচালক (কারিকুলাম) বরাবর আবেদন করতে হবে।


মোঃ জাহিরুল ইসলাম

উপ-পরিচালক (এলএমডি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

বরাবর

অধ্যক্ষ

সকল বেসরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠান

ও

এইচএসসি (বিএম/ভোক:) প্রতিষ্ঠান।